

পাবলিক ভাসিটিগুলোর মধ্যে সমন্বয়হীনতা বহু শিক্ষার্থী একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ থেকে বঞ্চিত

৥ নিজামুল হক ৥

দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ভর্তি কার্যক্রমে কোনো সমন্বয় না থাকায় বিপাকে পড়েছেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। গত বছরের মতো এবারো একাধিক পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই দিনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। ফলে প্রতিবছরের মতো অনেক শিক্ষার্থী একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ থেকে বঞ্চিত হবে। এই আশংকায় একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের ফরম কেনা থেকে বিরত থাকছে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা।

আগামী ২৫ জানুয়ারি সকাল ১০টায় শুরু হবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'গ' (কমার্শ) বিভাগের ভর্তি পরীক্ষা। একই দিন সকাল সাড়ে ১০টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ফলে অনেক শিক্ষার্থীকেই এই দুটি বিশ্ববিদ্যালয়ের একটিকে বেছে নিতে হবে। মেডিকেল ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে দেশের প্রাথমিক প্রতিষ্ঠানগুলোতে ভর্তি যুক্ত শুরু। আগামী মাসে পুরোনো দেশের প্রাথমিক প্রতিষ্ঠানগুলোতে ভর্তি যুক্ত শুরু হবে। প্রাথমিক প্রতিষ্ঠানগুলোতে সীমিত আসন হওয়ায় মেধাবী শিক্ষার্থীর মধ্যে ভর্তির সুযোগ বঞ্চিত হওয়ার শঙ্কা দেখা দিয়েছে।

গত তত্ত্বাবধায় সরকারি মেডিকেল প্রতিষ্ঠানগুলোতে একযোগে ভর্তি পরীক্ষা হয়েছে। এবার শুরু হবে বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা। চলতি বছর উচ্চশিক্ষার সুযোগ না পাওয়ার আশংকা রয়েছে এই উত্তীর্ণ প্রায় ১ লাখ শিক্ষার্থীর। রেকর্ড শিক্ষার্থী এবারের এইচএসসি পরীক্ষায় হওয়ায় এ শকের সৃষ্টি হয়েছে। উচ্চশিক্ষার সুযোগ সীমিত হওয়ার কারণে প্রতি বছর ভর্তিচ্ছুদের মুখোমুখি হতে হয় মেধাবী উচ্চ মাধ্যমিক পাস ও উচ্চশিক্ষার সুযোগের মধ্যে সামঞ্জস্য না থাকায় মেধাবী উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলোতে ভর্তি

ব্যর্থ হচ্ছে। আবার মানসম্মত বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের অভাবে শিক্ষার্থীরা অগ্রহে হারিয়ে ফেলেছে এসব প্রতিষ্ঠানের ওপর থেকে।

সরকারি হিসেব অনুসারে দেশে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের আসন রয়েছে মাত্র ১ লাখ ৮৫ হাজার ২৬০টি। আর এবার এইচএসসিতে মোট উত্তীর্ণ হয়েছে ২ লাখ ৭৭ হাজার ৫২০ জন। উত্তীর্ণদের মধ্যে জিপিএ-৫ বা ৮০ নম্বরের উপরে পেয়েছে ১০ হাজার ৪৫ জন, জিপিএ-৪ থেকে ৫ এর মধ্যে পেয়েছে ৫৮ হাজার ৮২৭ জন, জিপিএ-সাড়ে ৩ থেকে ৪ এর মধ্যে পেয়েছে ৫৬ হাজার ২০৪ জন, জিপিএ-৩ থেকে সাড়ে ৩ এর মধ্যে পেয়েছে ৬১ হাজার ৮১৯ জন এবং জিপিএ-২ থেকে ৩ এর মধ্যে পেয়েছে ৭৯ হাজার ৫৯২ জন শিক্ষার্থী। এছাড়া মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে আরো ৩৮ হাজার ৩৬৩ জন শিক্ষার্থী। হিসেব অনুসারে

এবার ভালো ফলাফলধারী অনেকেই ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে।

বেশিরভাগ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হয়েছে এবং পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। নভেম্বর মাস থেকেই উচ্চশিক্ষা ভর্তি কার্যক্রম শুরু হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ভর্তির ফরম বিতরণ শুরু হবে আগামী ৪ নভেম্বর থেকে চলবে ১৮ নভেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ৭ ডিসেম্বর এবং চলবে ২০০৮ সালের ৪ জানুয়ারী পর্যন্ত। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ভর্তির ফরম বিতরণ শুরু ২৪ সেপ্টেম্বর হয়ে শেষ হয়েছে গত ৮ অক্টোবর। রাবির ভর্তি পরীক্ষা ১২ নভেম্বর থেকে শুরু হচ্ছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ভর্তি ফরম ছাড়া হয়েছে চলতি মাসের ১ তারিখ থেকে এবং বিতরণ শেষ হবে হয়েছে

২৮ অক্টোবর। জাবির ৪টি ইউনিটের ২৬টি বিভাগের ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ১৫ নভেম্বর থেকে এবং শেষ হবে ৪ ডিসেম্বর। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম বিতরণ শুরু হবে ৩০ অক্টোবর থেকে, চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জাবি) ভর্তি ফরম বিতরণ শুরু হবে ১১ নভেম্বর চলবে ২৯ নভেম্বর পর্যন্ত। জবির ভর্তি পরীক্ষা শুরু ২৫ জানুয়ারি থেকে চলবে ১ ফেব্রুয়ারি পর্যন্ত।

ভর্তিচ্ছু এক শিক্ষার্থী জানান, একই দিনে জাতীয় বিশ্ববিদ্যালয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একই ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করায় তার মতো হাজার হাজার পরীক্ষার্থী বিপাকে পড়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণে সমন্বয় থাকলে এ সমস্যা হতো না। সেই সঙ্গে ভর্তি পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণের দাবি জানান।